

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নম্বরঃ ২৫৬১

৩৬/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ২২. জান্নাত ও জাহান্নামের তর্ক-বিতর্ক

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اَحْتَجَّتِ الْجَنَّةُ وَالنَّارُ فَقَالَتِ الْجَنَّةُ يَدْخُلْنِي الضُّعَفَاءُ وَالْمَسَاكِينُ . وَقَالَتِ النَّارُ يَدْخُلْنِي الْجَبَّارُونَ وَالْمُتَكَبِّرُونَ . فَقَالَ لِلنَّارِ أَنْتِ عَذَابِي أَنْتَقِمُ بِكَ مِنْ شَيْءٍ . وَقَالَ لِلْجَنَّةِ أَنْتِ رَحْمَتِي أَرْحَمُ بِكَ مِنْ شَيْءٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২৫৬১। আবু হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জান্নাত ও জাহান্নামের মধ্যে তর্ক-বিতর্ক হলো। জান্নাত বললো, গারীব-মিসকীন ও দুর্বল ব্যক্তি আমার মধ্যে প্রবেশ করবে। জাহান্নাম বললো, যতো স্বেচ্ছাচারী যালিম ও অহংকারীরা আমার মধ্যে প্রবেশ করবে। আল্লাহ তা'আলা জাহান্নামকে বলেনঃ তুই আমার আযাব, আমি তোরা দ্বারা যার থেকে ইচ্ছা প্রতিশোধ গ্রহণ করবো। তিনি জান্নাতকে বলেনঃ তুমি আমার রহমত, আমি তোমার দ্বারা যাকে ইচ্ছা উপকৃত করবো।

হাসান সহীহঃ যিলালুল জান্নাত (৫২৮), মুসলিম।

আবু ঈসা বলেন, এই হাদীসটি হাসান সহীহ।

English

Abu Hurairah narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Paradise and the Fire debated. Paradise said: 'The weak and the poor shall enter me,' and the Fire said: 'The tyrants and the proud shall enter me.' So He said to the Fire: 'You are My Punishment, I take vengeance through you from whom I will,' and He said to Paradise: 'You are My Mercy I show mercy through you to whom I will.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=41187>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন